Ⓐ গ্যালভানি কোষে সংঘটিত বিক্রিয়া

● তড়িৎ বিশ্লেষণ কোষের মাধ্যমে তড়িৎ প্রলেপন

ঘ) অ্যানোডের ক্ষয়প্রাপ্ত হওয়া

২৬৭. তড়িৎ বিশ্লেষ্য কোষে কী হয়? (অনুধাবন)

● বিদ্যুৎ শক্তি রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়

খ) বিদ্যুৎ শক্তি যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত হয়

গ) রাসায়নিক শক্তি বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত হয়

ঘ) রাসায়নিক শক্তি যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত হয়

২৬৮. বিদ্যুৎ শক্তি রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয় কোথায়? (অনুধাবন)

ক) গ্যালভানিক কোষে ● তড়িৎ বিশ্লেষ্য কোষে

গ) ড্যানিয়াল কোষে ঘ) ড্রাইসেলে

২৬৯. যে কোষে বিদ্যুৎশক্তিকে ব্যবহার করে তড়িৎদ্বারে বিক্রিয়া সংঘটিত হয় তাকে কী বলে? (জ্ঞান)

ক) লেকল্যান্স কোষে খ) গ্যালভানিক কোষে

গ) ড্যানিয়াল কোষে ● তড়িৎ বিশ্লেষ্য কোষ

২৭০. Fe-এর ওপর Au এর প্রলেপ দেওয়া হয় যে কোষে, এটি— (প্রয়োগ)

i. বিদ্যুৎ শক্তিকে রাসায়নিক শক্তিতে রূপান্তরিত করে

ii. ইলেকট্রোপ্লেটিং এ ব্যবহার করা হয়

iii. ধাতু বিশোধনে ব্যবহার করা হয়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৭৩ ও ২৭৪নং প্রশ্নের উত্তর দাও:

কোনো ধাতুর তৈরি জিনিসপত্রকে সুন্দর ও আকর্ষণীয় করে তোলাই ইলেকট্রোপ্লেটিংয়ের উদ্দেশ্য।

২৭১. উক্ত প্রক্রিয়া কী দ্বারা সম্পন্ন করা হয়?(প্রয়োগ)

● তড়িৎ বিশ্লেষণ খ) গ্যালভানিক কোষ

খ) সংশ্লেষণ ঘ) অধঃক্ষেপণ

২৭২. উল্লিখিত প্রক্রিয়ায়— (অনুধাবন)

i. জারণ-বিজারণ বিক্রিয়া সংঘটিত হয়

ii. ইলেকট্রনের আদান প্রদান ঘটে

iii. জারণ সংখ্যা হ্রাস পায়


নিচের কোনটি সঠিক?

● i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭৩. তড়িৎ বিশ্লেষ্য কোষের গঠন কোন কোষের অনুরূপ? (অনুধাবন)

- গ্যালভানিক কোষ (খ) মারকারি কোষ
 (গ) লেড-স্টোরেজ কোষ (ঘ) লিথিয়াম কোষ
২৭৪. তড়িৎবিশ্লেষ্য কোষে বিদ্যুতের উৎস হিসেবে কী যুক্ত থাকে? (জ্ঞান)
 (ক) বৈদ্যুতিক বাল্ব (খ) অ্যানোড
 ● ব্যাটারি (ঘ) ক্যাথোড
২৭৫. দুই প্রকোষ্ঠ বিশিষ্ট তড়িৎবিশ্লেষ্য কোষের গঠন কোনটির মতো? (জ্ঞান)
 (ক) গ্যালভানিক কোষ ● ড্যানিয়াল কোষ
 (গ) মারকারি কোষ (ঘ) লিথিয়াম কোষ
২৭৬. সোডিয়াম ক্লোরাইড থেকে সোডিয়াম ধাতু নিষ্কাশনে কোন বিক্রিয়াটি ক্যাথোডে ঘটে?
 (উচ্চতর দক্ষতা)
 (ক) $Cl^{-}(l) + e^{-}$ ● $2Na^{+} + 2e^{-} \rightarrow 2Na(l)$
 (গ) $Cl^{-}(l) - e^{-} \rightarrow Cl$ (ঘ) $NaCl(l) \rightarrow Na^{+} Cl^{-}(l)$
২৭৭. ঋণাত্মক চার্জযুক্ত কণাকে কী বলে? (জ্ঞান)
 (ক) আয়ন ● ক্যাটায়ন
 (গ) অ্যানায়ন (ঘ) ক্যাথোড
২৭৮. $NaCl$ থেকে ধাতু নিষ্কাশনে কোন বিক্রিয়াটি অ্যানোডে ঘটে? (উচ্চতর দক্ষতা)
 ● $2Cl^{-} \rightarrow Cl_2(g) + 2e^{-}$ (খ) $2Na^{+} + 2e^{-} \rightarrow 2Na(l)$
 (গ) $Cl^{-}(l) + e^{-}$ (ঘ) $Cl^{-}(l) - e^{-} \rightarrow Cl$
২৭৯. যে তড়িৎদ্বারে জারণ ঘটে তাকে কী বলা হয়? (জ্ঞান)
 (ক) ক্যাথোড ● অ্যানোড
 (গ) ক্যাটায়ন (ঘ) অ্যানায়ন
২৮০. যে তড়িৎদ্বারে বিজারণ ঘটে তাকে কী বলে? (জ্ঞান)
 (ক) ক্যাটায়ন (খ) অ্যানায়ন
 (গ) অ্যানোড ● ক্যাথোড
২৮১. নিচের কোনটি তীব্র তড়িৎবিশ্লেষ্য? (অনুধাবন)
 (ক) NH_4OH (খ) CH_3COOH
 (গ) CH_4 ● $NaCl$ (গলিত)
২৮২. যে কোষে গলিত $NaCl$ থেকে Na ধাতু ও H_2 গ্যাস তৈরি হয়— (উচ্চতর দক্ষতা)
 i. এটি এক বা দুই প্রকোষ্ঠ বিশিষ্ট
 ii. কোষে ঋণাত্মক চার্জযুক্ত আয়ন অ্যানোড দ্বারা আকৃষ্ট হয়
 iii. অ্যানোডে বিজারণ ও ক্যাথোডে জারণ ঘটে
 নিচের কোনটি সঠিক?

● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii
নিচের চিত্রটি দেখে ২৮৫ ও ২৮৬নং প্রশ্নের উত্তর দাও :



২৮৩. উদ্দীপকের ক্ষেত্রে— (উচ্চতর দক্ষতা)

- অ্যানোডে উৎপন্ন পদার্থটি জীবাণুনাশক
- অ্যানোডে বিজারণ ঘটে
- ক্যাথোডে Na ধাতু জমা হয়

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৮৪. উদ্দীপকের লবণটির জলীয় দ্রবণে তড়িৎ চালনা করলে দ্রবণে কোনটি উৎপন্ন হয়? (প্রয়োগ)

- (ক) Cl_2 (খ) H_2 (গ) HCl ● NaOH

২৮৫. 'গ্লুকোজ সেন্সর' এর ভেতর কোন কোষ থাকে? (জ্ঞান)

- (ক) তড়িৎরাসায়নিক কোষ ● তড়িৎবিশ্লেষ্য কোষ
(গ) গ্যালভানিক কোষ (ঘ) লেড সঞ্চয়ক কোষ

২৮৬. 'গ্লুকোজ সেন্সরে' তড়িৎবিশ্লেষ্য কোনটি? (জ্ঞান)

- (ক) পাতলা ধাতুর আবরণ (খ) গ্লুকোজ
● রক্ত (ঘ) হাতের চামড়া

২৮৭. গ্লুকোজ ডিটেক্টর কীভাবে রক্তে গ্লুকোজের পরিমাণ বের করে? (উচ্চতর দক্ষতা)

- (ক) তড়িৎবিশ্লেষ্য হিসেবে রক্ত ব্যবহার করে
(খ) তড়িৎদ্বার হিসেবে রক্ত ব্যবহার করে
(গ) গ্লুকোজের জারণ ঘটিয়ে
● জারণে উদ্ভূত e^- সংখ্যা নির্ণয় করে

২৮৮. কোন কোষের মাধ্যমে পানিতে আর্সেনিকের পরিমাণ নির্ণয় করা যায়? (জ্ঞান)

- (ক) তড়িৎরাসায়নিক কোষ (খ) ভোল্টায়িক কোষ
● তড়িৎবিশ্লেষ্য কোষ (ঘ) ড্রাইসেল

২৮৯. তড়িৎ বিশ্লেষণ কৌশল ব্যবহার করে লোহা বা রূপার উপর কোন ধাতুর প্রলেপ দেওয়া যায়? (অনুধাবন)

- সোনা (খ) পটাসিয়াম
(গ) সোডিয়াম (ঘ) কপার

২৯০. তড়িৎবিশ্লেষণের সাহায্যে কোনো ধাতুর উপর অন্য ধাতুর প্রলেপ দেওয়ার প্রক্রিয়াকে কী বলা হয়? (জ্ঞান)

- ইলেকট্রোপ্লেটিং (খ) ইলেকট্রোলাইট
(গ) ইলেকট্রোড (ঘ) ইলেকট্রন

২৯১. কোনটি তড়িৎবিশ্লেষণের প্রয়োগের সাথে ভিনুতা প্রকাশ করে? (অনুধাবন)

- (ক) আকরিক থেকে ধাতু নিষ্কাশন
(খ) বিদ্যুৎ শক্তির উৎপাদন (ফুয়েল সেল)
(গ) রাসায়নিক পদার্থের বিশ্লেষণ ও পরিশোধন
● রাসায়নিক শক্তি থেকে বিদ্যুৎশক্তি উৎপাদন

২৯২. হাইড্রোজেন ফুয়েল সেলের সাহায্যে কী উৎপন্ন করা যায়? (জ্ঞান)

- (ক) H_2 গ্যাস ● বিদ্যুৎ
(গ) জ্বালানি (ঘ) তাপশক্তি

নিচের চিত্র দেখে এবং ২৯৫ ও ২৯৬নং প্রশ্নের উত্তর দাও :



চিত্র : তড়িৎ রাসায়নিক গ্লুকোজ সেন্সর

২৯৩. চিত্রে কোন তড়িৎবিশ্লেষ্য পদার্থের উপস্থিতির মাধ্যমে রক্তের গ্লুকোজ নির্ণয় করা যায়? (অনুধাবন)

- প্রোটিন (খ) প্লেটলেট
(গ) থ্রম্বোসাইট (ঘ) ফাইব্রিনোজেন

২৯৪. চিত্রের প্রযুক্তি ব্যবহার করে রক্তের গ্লুকোজের পরিমাণ নির্ণয় করতে কত সময় লাগে? (অনুধাবন)

- (ক) এক সেকেন্ড ● এক মিনিট
(গ) দশ সেকেন্ড (ঘ) দশ মিনিট

২৯৫. এসিড মিশ্রিত পানির তড়িৎ বিশ্লেষণে হাইড্রোজেন গ্যাসের আয়তন অক্সিজেন গ্যাসের কত গুণ? (জ্ঞান)

- (ক) সমান ● দ্বিগুণ
(গ) অর্ধেক (ঘ) তিন গুণ

২৯৬. এক অণু পানি উৎপন্ন হয় কীভাবে?(অনুধাবন)

- (ক) এক অণু হাইড্রোজেন ও এক অণু অক্সিজেন মিলে

- এক অণু হাইড্রোজেন ও দুই অণু অক্সিজেন মিলে
 এক অণু হাইড্রোজেন ও অর্ধ অণু অক্সিজেন মিলে
 অর্ধ অণু হাইড্রোজেন ও এক অণু অক্সিজেন মিলে
২৯৭. এসিড মিশ্রিত পানির তড়িৎ বিশ্লেষণে অ্যানোডে কোন গ্যাসের সৃষ্টি হয়? (জ্ঞান)
- অক্সিজেন নাইট্রোজেন
 হাইড্রোজেন ওজোন
২৯৮. এসিড মিশ্রিত পানির তড়িৎ বিশ্লেষণে ক্যাথোডে কোন গ্যাসের সৃষ্টি হয়? (জ্ঞান)
- অক্সিজেন নাইট্রোজেন
 কার্বন ডাইঅক্সাইড হাইড্রোজেন
২৯৯. পানির অণুকে ভাঙলে কী গ্যাস পাওয়া যায়? (জ্ঞান)
- হাইড্রোজেন অক্সিজেন
 হাইড্রোজেন আয়ন হাইড্রোজেন ও অক্সিজেন
৩০০. পানির তড়িৎ বিশ্লেষণে কোন বিক্রিয়াটি ক্যাথোডে ঘটে? (উচ্চতর দক্ষতা)
- $O + O \rightarrow O_2$ $OH^- \rightarrow OH + e$
 $4H^+ + 4e^- \rightarrow 2H_2$ $4OH^- \rightarrow 2H_2O + O_2 + 4e^-$
৩০১. পানির তড়িৎ বিশ্লেষণে Pt ব্যবহৃত হবার কারণ কী? (উচ্চতর দক্ষতা)
- Pt দামি মৌল Pt ভালো বিদ্যুৎ পরিবাহী
 Pt রাসায়নিকভাবে নিষ্ক্রিয় Pt এর পারমাণবিক সংখ্যা বেশি
৩০২. পানির তড়িৎ বিশ্লেষণে অ্যানোডে কী জারিত হয়? (জ্ঞান)
- H_2O O_2
 H^+ H_2
৩০৩. পানির তড়িৎ বিশ্লেষণে ক্যাথোডে কী বিজারিত হয়? (জ্ঞান)
- H_2O O_2
 O^+ H^-
৩০৪. অম্লীয় মাধ্যমে পানির তড়িৎ বিশ্লেষণ ঘটানোর কারণ কী? (উচ্চতর দক্ষতা)
- জারণ বিক্রিয়া দ্রুত হওয়া
 বিজারণ বিক্রিয়ার বেগ বৃদ্ধি
 তড়িৎ পরিবহন বৃদ্ধি পায়
 দ্রবণের মধ্য দিয়ে বিদ্যুৎ পরিবহন সহজ হয়
৩০৫. পানির তড়িৎ বিশ্লেষণে ক্যাথোডে কী ঘটে? (উচ্চতর দক্ষতা)
- O_2 উৎপন্ন করে H_2 গ্যাস জমা হয়

● H₂ গ্যাস উৎপন্ন হয় (ঘ) H₂O উৎপন্ন হয়

৩০৬. বিদ্যুৎ পরিবাহিতা বৃদ্ধির জন্য পানিতে কী যোগ করতে হয়? (জ্ঞান)

(ক) নাইট্রিক এসিড ● সালফিউরিক এসিড

(গ) হাইড্রোক্লোরিক এসিড (ঘ) ফসফরিক এসিড

৩০৭. $\text{H}_2\text{O}(l) \xrightarrow[\text{বিশ্লেষণ}]{\text{তড়িৎ}} \text{H}_2(g) + \text{O}_2(g)$ বিক্রিয়ায়— (উচ্চতর দক্ষতা)

i. অ্যানোডে অক্সিজেন উৎপন্ন হয়

ii. ক্যাথোডে হাইড্রোজেন উৎপন্ন হয়

iii. হাইড্রোজেনের আয়তন অক্সিজেনের দ্বিগুণ হয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

৩০৮. $2\text{H}_2\text{O}(l) \xrightarrow[\text{বিশ্লেষণ}]{\text{তড়িৎ}} 2\text{H}_2(g) + \text{O}_2(g)$; এক্ষেত্রে— (উচ্চতর দক্ষতা)

i. অ্যানোডে বিক্রিয়া: $2\text{H}_2\text{O}(l) \rightarrow \text{O}_2(g) + 4\text{H}^+(aq) + 4e^-$


ii. ক্যাথোডে বিক্রিয়া: $4\text{H}^+(aq) + 4e^- \rightarrow 2\text{H}_2(g)$

iii. বিক্রিয়াটি স্বতঃস্ফূর্তভাবে ঘটে

নিচের কোনটি সঠিক?

● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের চিত্র দেখ এবং ৩১১ ও ৩১২ নং প্রশ্নের উত্তর দাও :



৩০৯. উপরের A ও B চিহ্নিত গ্যাসদ্বয়ের নাম কী? (অনুধাবন)

(ক) অক্সিজেন ও হাইড্রোজেন ● হাইড্রোজেন ও অক্সিজেন

(গ) জলীয়বাষ্প ও অক্সিজেন (ঘ) অক্সিজেন ও জলীয়বাষ্প

৩১০. চিত্রের বিক্রিয়ায়— (উচ্চতর দক্ষতা)

i. এসিডের কোনো পরিবর্তন হয় না

ii. অ্যানোডে পানির অণু জারিত হয়

iii. ক্যাথোড প্রোটন তৈরি করে
নিচের কোনটি সঠিক?

- i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩১১. সোডিয়াম ক্লোরাইডের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহ চালনা করলে অ্যানোডে কী সৃষ্টি হয়? (জ্ঞান)

- ক্লোরিন গ্যাস (খ) হাইড্রোজেন গ্যাস
(গ) নাইট্রোজেন গ্যাস (ঘ) ওজোন গ্যাস

৩১২. সোডিয়াম ক্লোরাইডের জলীয় দ্রবণের তড়িৎ বিশ্লেষণে ক্যাথোডে কী উৎপন্ন হয়? (জ্ঞান)

- (ক) সোডিয়াম (●) হাইড্রোজেন
(গ) অক্সিজেন (ঘ) কার্বন

৩১৩. NaCl দ্রবণের তড়িৎ বিশ্লেষণে অ্যানোড ও ক্যাথোডে কোন বিক্রিয়া সংঘটিত হয়?
(অনুধাবন)

- (ক) পানিযোজন বিক্রিয়া (খ) অধঃক্ষেপণ বিক্রিয়া
● জারণ-বিজারণ বিক্রিয়া (ঘ) আর্দ্র বিশ্লেষণ বিক্রিয়া

৩১৪. সোডিয়াম ক্লোরাইডের তড়িৎ বিশ্লেষণে কোন বিক্রিয়াটি ক্যাথোডে ঘটে? (উচ্চতর
দক্ষতা)

- $2H_2O(l) + 2e^- \rightarrow H_2(g) + OH^-(aq)$
(খ) $Na^+(l) + e^- \rightarrow Na(l)$
(গ) $Cl^-(l) - e^- \rightarrow Cl$
(ঘ) $NaCl(l) \rightarrow Na^+Cl^-(l)$

৩১৫. সোডিয়াম ক্লোরাইডের তড়িৎ বিশ্লেষণে ক্যাথোডে কোনটি সঞ্চিত হয়? (অনুধাবন)

- (ক) H_2 (খ) Cl_2
(গ) Na (●) NaOH

৩১৬. ব্রাইন কাকে বলে? (অনুধাবন)

- (ক) NaCl (খ) NaCl(s)
● NaCl(aq) (ঘ) NaCl + $H_2O(g)$

৩১৭. ব্রাইনের তড়িৎ বিশ্লেষণে কী গ্যাস উৎপন্ন হয়? (জ্ঞান)

- (ক) Na (●) Cl_2
(গ) HCl (ঘ) H_2O

৩১৮. NaCl দ্রবণের তড়িৎ বিশ্লেষণে বিদ্যুৎ পরিবহনের কাজ করে কোনটি? (অনুধাবন)

- (ক) H^+ (খ) O^{2-}
(গ) OH^- (●) Na^+ ও Cl^-

৩১৯. ব্রাইনের তড়িৎ বিশ্লেষণে অ্যানোডে ও ক্যাথোডে উভয় ক্ষেত্রেই কী ঘটে? (উচ্চতর
দক্ষতা)

কি জারণ হয় খি বিজারণ হয়

● গ্যাসীয় পদার্থ উৎপন্ন হয় ঘি একই পদার্থ উৎপন্ন হয়

৩২০. ব্রাইনের তড়িৎবিশ্লেষণে উপজাত যৌগ হিসেবে কী পাওয়া যায়? (অনুধাবন)

কি Cl_2 খি H_2

● $NaOH$ ঘি H_2O

৩২১. ব্রাইনের তড়িৎবিশ্লেষণে ক্যাথোডে কী ঘটে? (অনুধাবন)

কি পানি জারিত হয় ● পানি বিজারিত হয়

গি Cl^- জারিত হয় ঘি Cl^- বিজারিত হয়

৩২২. কোনটির সম্পৃক্ত জলীয় দ্রবণকে ব্রাইন বলে? (জ্ঞান)

কি $CaCl_2$ ● $NaCl$

গি KCl ঘি $NaBr$

৩২৩. $NaCl$ এর তড়িৎবিশ্লেষণে অ্যানোডে কোন গ্যাসের সৃষ্টি হয়? (জ্ঞান)

কি হাইড্রোজেন ● ক্লোরিন

গি অক্সিজেন ঘি হাইড্রোজেন ও ক্লোরিন

৩২৪. $NaCl$ দ্রবণের তড়িৎ বিশ্লেষণে—(উচ্চতর দক্ষতা)

i. অ্যানোড বিক্রিয়া : $2Cl^-(aq) \rightarrow Cl_2(g) + 2e^-$

ii. ক্যাথোড বিক্রিয়া : $2H_2O(l) + 2e^- \rightarrow H_2(g) + OH^-(aq)$

iii. $Cl^- - e^- \rightarrow Cl$

নিচের কোনটি সঠিক?

● i ও ii খি i ও iii গি ii ও iii ঘি i, ii ও iii

৩২৫. $NaCl$ দ্রবণে বিদ্যুৎ প্রবাহিত করলে— (প্রয়োগ)

i. অ্যানোডে ক্লোরিন গ্যাস ও ইলেকট্রন তৈরি হয়

ii. ক্যাথোডে পানির অণু বিজারিত হয়

iii. উপজাত যৌগ হিসেবে Na_2CO_3 পাওয়া যায়

নিচের কোনটি সঠিক?

● i ও ii খি i ও iii গি ii ও iii ঘি i, ii ও iii

৩২৬. $NaCl$ -এর জলীয় দ্রবণের তড়িৎবিশ্লেষণের সময় উৎপন্ন হয়— (অনুধাবন)

i. $NaOH$


ii. Cl_2

iii. H_2

নিচের কোনটি সঠিক?

কি i ও ii খি i ও iii গি ii ও iii ● i, ii ও iii

নিচের চিত্রটি দেখে ৩২৯ ও ৩৩০নং প্রশ্নের উত্তর দাও :



চিত্র : সোডিয়াম ক্লোরাইডের জলীয় দ্রবণের তড়িৎ বিশ্লেষণ

৩২৭. কোন আয়নটি ক্যাথোড দ্বারা আকৃষ্ট হবে?(অনুধাবন)
- ক) Cl^- খ) Na^+
 ● H^+ ঘ) OH^-
৩২৮. কোন পদার্থটি চিত্রে প্রদর্শিত তড়িৎ বিশ্লেষণে উৎপন্ন হয় না? (উচ্চতর দক্ষতা)
- সোডিয়াম ধাতু খ) সোডিয়াম হাইড্রোক্সাইড
 গ) হাইড্রোজেন ঘ) ক্লোরিন
৩২৯. কারখানায় ক্ষার হিসেবে কোনটি ব্যবহৃত হয়? (অনুধাবন)
- NaOH খ) NaCl
 গ) KOH ঘ) Al_2O_3
৩৩০. ফুয়েল সেলে জ্বালানি হিসেবে কোন গ্যাস ব্যবহৃত হয়? (জ্ঞান)
- ক) O_2 ● H_2
 গ) Cl_2 ঘ) N_2
৩৩১. হাইড্রোজেনকে পোড়ালে কী উৎপন্ন হয়?(জ্ঞান)
- ক) তাপ খ) পানি
 ● পানি ও তাপ ঘ) জ্বালানি
৩৩২. তড়িৎবিশ্লেষণে যে ধাতুর প্রলেপ দিতে হয় তার বৈশিষ্ট্য কেমন? (অনুধাবন)
- ক) বেশি সক্রিয় খ) বিদ্যুৎ সুপারিবাহী
 গ) উজ্জ্বল ● কম সক্রিয়
৩৩৩. বাণিজ্যিক কাজে লোহার পরিবর্তে কী ব্যবহৃত হয়? (জ্ঞান)
- ক) ঢালাই লোহা ● ইস্পাত
 গ) পেটা লোহা ঘ) Fe_3O_4
৩৩৪. রান্নার হাঁড়ি-পাতিল তৈরিতে ব্যবহৃত হয় কোনটি? (জ্ঞান)
- ক) Mg খ) Cu
 গ) Ni ● Al
৩৩৫. ইলেকট্রোপ্লেটিংয়ের মাধ্যমে লোহাতে কোন কোন ধাতুর প্রলেপ দেওয়া হয়? (অনুধাবন)
- ক) Zn, Cu ● Zn, Mg

- গ) Mg, Al ঘ) Zn, Al
৩৩৬. 'ইমিটেশনের স্বর্ণ' কিসের উদাহরণ? (অনুধাবন)
- ক) তড়িৎ বিশ্লেষণ ● ইলেকট্রোপ্লেটিং
- গ) ভালকানাইজিং ঘ) গ্যালভানাইজিং
৩৩৭. তামার তার বাণিজ্যিকভাবে বেশি সমাদৃত কেন? (অনুধাবন)
- স্বল্প বিদ্যুৎরোধী হওয়ার কারণে
- খ) অধিক বিদ্যুৎরোধী হওয়ার কারণে
- গ) অধিক সক্রিয় ধাতু হওয়ার কারণে
- ঘ) কম সক্রিয় ধাতু হওয়ার কারণে
৩৩৮. সমুদ্রের পানির তড়িৎ বিশ্লেষণে উৎপন্ন কোন গ্যাসটি জীবাণুনাশক হিসেবে ব্যবহৃত হয়? (জ্ঞান)
- ক) NaOH ● Cl₂
- গ) NaCl ঘ) ZnCl₂
৩৩৯. কোনটি বৈদ্যুতিক তার তৈরিতে বহুল ব্যবহৃত হয়? (জ্ঞান)
- ক) Ca খ) Al গ) Sn ● Cu
৩৪০. বিমান তৈরিতে অ্যালুমিনিয়াম ধাতু ব্যবহার হয় কেন? (অনুধাবন)
- ক) ওজনে ভারী হওয়ায় খ) বেশি সক্রিয় হওয়ায়
- ওজনে হালকা হওয়ায় ঘ) কম সক্রিয় হওয়ায়
৩৪১. সমুদ্রের পানির তড়িৎ বিশ্লেষণে কোনটি পাওয়া যায়? (জ্ঞান)
- ক) N₂ খ) H₂O
- NaOH ঘ) HCl
৩৪২. ইলেকট্রোপ্লেটিংয়ের সাহায্যে— (প্রয়োগ)
- i. ধাতুর ক্ষয়রোধ করা হয়
- ii. ধাতুর স্থায়িত্ব বৃদ্ধি করা হয়
- iii. ধাতুর উজ্জ্বলতা হ্রাস করা হয়
- নিচের কোনটি সঠিক?
- i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
৩৪৩. সমুদ্রের পানির তড়িৎ বিশ্লেষণে— (প্রয়োগ)
- i. উৎপন্ন ক্লোরিন গ্যাস জীবাণুনাশক হিসেবে ব্যবহার করা হয়
- ii. উৎপন্ন হাইড্রোজেন গ্যাস পরিবেশবান্ধব জ্বালানি হিসেবে ব্যবহার করা হয়
- iii. উপজাত হিসেবে উৎপন্ন NaOH ক্ষার হিসেবে ব্যবহার করা হয়
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৪৬-৩৪৭নং প্রশ্নের উত্তর দাও:

পানির তড়িৎ বিশ্লেষণে উৎপন্ন H_2 গ্যাস পরিবেশবান্ধব জ্বালানি। এ গ্যাস বর্তমান সময়ের ফুয়েল সেলের সবচেয়ে ভালো জ্বালানি।

৩৪৪. উল্লিখিত সেল হলো- (প্রয়োগ)

- i. একটি তড়িৎ রাসায়নিক কোষ
- ii. মূল্যবান জ্বালানি
- iii. জারণ-বিজারণ বিক্রিয়া

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৪৫. উদ্দীপকে আলোচিত গ্যাসটি কীভাবে উৎপন্ন হয়? (অনুধাবন)

- ক টিন প্লেটিংয়ের মাধ্যমে
- ঘ পানির তড়িৎবিশ্লেষণে
- গ ইলেকট্রোপ্লেটিংয়ের মাধ্যমে
- ঘ ইলেকট্রোপেয়ারিংয়ের মাধ্যমে

৩৪৬. কোন মৌলের নিউক্লিয়াসে নিউট্রন অনুপস্থিত? (জ্ঞান)

- ক হাইড্রোজেন খ কার্বন
- গ ইউরেনিয়াম ঘ ক্লোরিন

৩৪৭. নিউক্লিয়ার বিক্রিয়ায় বড় নিউক্লিয়াস ভেঙে ছোট নিউক্লিয়াস তৈরি হওয়ার সময় শক্তি হিসেবে কী নির্গত হয়? (জ্ঞান)

- ক রাসায়নিক শক্তি ঘ আলোকশক্তি
- গ যান্ত্রিকশক্তি ঘ স্ফটিকশক্তি

৩৪৮. ছোট নিউক্লিয়াস যুক্ত হয়ে বড় নিউক্লিয়াস তৈরি হওয়া কী ধরনের বিক্রিয়া? (জ্ঞান)

- ক ফিসন ঘ ফিউসন
- গ নিউক্লিয়ার ঘ তেজস্ক্রিয়

৩৪৯. সূর্যে কোন বিক্রিয়া ঘটে? (জ্ঞান)

- ক ফিসন খ ফিউসন
- গ নিউক্লিয়ার ঘ তেজস্ক্রিয়

৩৫০. পোলোনিয়াম $210(Po)$ স্বতঃস্ফূর্তভাবে ভেঙে কী উৎপন্ন করে? (অনুধাবন)

- ক সিসা -204 খ সিসা -205
- ঘ সিসা -206 ঘ সিসা -207

৩৫১. সম্প্রতি সুনামিতে জাপানের কোন পারমাণবিক চুল্লি ক্ষতিগ্রস্ত হয়? (জ্ঞান)


- ক হিরোসিমা খ নাগাসাকি

- গ) টোকিও ● ফুকুশিমা
৩৫২. ইউরেনিয়াম-238 ভেঙে নিচের কোনটি উৎপন্ন হয়? (অনুধাবন)
- ক) থোরিয়াম -232 ● থোরিয়াম -234
- গ) থোরিয়াম -235 ঘ) থোরিয়াম -236
৩৫৩. 15 মিলিয়ন °C তাপমাত্রায় দুটি হাইড্রোজেন পরমাণুর নিউক্লিয়াস যুক্ত হয়ে নিচের কোনটি উৎপন্ন করে? (প্রয়োগ)
- ক) প্রোটিয়াম খ) ডিউটেরিয়াম
- গ) ট্রিটিয়াম ● হিলিয়াম
৩৫৪. বিশ্বের বিভিন্ন দেশ পারমাণবিক চুল্লিতে কী ধরনের বিক্রিয়া ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন করছে? (জ্ঞান)
- ফিসন খ) ফিউসন
- গ) হাইড্রোজেন ঘ) যুত বিক্রিয়া
৩৫৫. 2.2×10^7 মোল মিথেন গ্যাসের আয়তন কত? (অনুধাবন)
- ক) 2.24L খ) 44.8×10^7 L
- 49.28×10^7 L ঘ) 56.3×10^7 L
৩৫৬. ইউরেনিয়াম-235 কে উচ্চগতিসম্পন্ন নিউট্রন দ্বারা আঘাত করলে কয়টি মৌলের সৃষ্টি হয়? (প্রয়োগ)
- ক) 10টি খ) 20টি
- 30টি ঘ) 40টি
৩৫৭. 1 মোল ইউরেনিয়াম-235 থেকে নিউক্লিয়ার ফিসন বিক্রিয়ায় যে শক্তি পাওয়া যায় তার সমপরিমাণ শক্তি পেতে কত মোল মিথেন গ্যাস পোড়াতে হয়? (অনুধাবন)
- ক) 2.0×10^{13} ● 2.2×10^7
- গ) 6.023×10^{13} ঘ) 6.023×10^{23}
৩৫৮. 1 মোল মিথেন গ্যাস পোড়ালে কত জুল শক্তি পাওয়া যায়? (অনুধাবন)
- ক) 8910 খ) 89100
- 891000 ঘ) 891000
৩৫৯. নিউক্লিয়ার বিক্রিয়া বলতে বোঝায়—(অনুধাবন)
- i. ইলেকট্রন আদান-প্রদানে গঠিত বিক্রিয়া
- ii. নতুন মৌলের সৃষ্টি হওয়ার বিক্রিয়া
- iii. বড় নিউক্লিয়াস ভেঙে ছোট নিউক্লিয়াস তৈরির বিক্রিয়া
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii খ) i ও iii ● ii ও iii ঘ) i, ii ও iii
৩৬০. ইউরেনিয়াম-235 কে উচ্চশক্তিসম্পন্ন নিউট্রন দ্বারা আঘাত করলে—(প্রয়োগ)

- i. ফিসন বিক্রিয়ার ফলে 30টি বিভিন্ন মৌলের সৃষ্টি হয়
 ii. প্রথমে Sr-90 ও Xe-143 তৈরি হয় ও দুটি নিউট্রন নির্গত হয়
 iii. শিকলের ন্যায় নিউক্লিয়ার বিক্রিয়া চলতে থাকে
 নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের সমীকরণটি লক্ষ কর এবং ৩৬৩ ও ৩৬৪নং প্রশ্নের উত্তর দাও :



৩৬১. উদ্দীপকের X-90 ও Y-143 মৌলগুলো কী কী? (প্রয়োগ)

ক Kr ও Sr ঘ Sr ও Xe গ Rb ও Xe ঘ Cs ও U

৩৬২. উদ্দীপকের বিক্রিয়াটি— (অনুধাবন)

- i. তাপউৎপাদী বিক্রিয়া
 ii. নিউক্লিয়ার শিকল বিক্রিয়া
 iii. নিউক্লিয়ার ফিসন বিক্রিয়া
 নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৬৩. 1 মোল O = O বন্ধনে কত শক্তি প্রয়োজন হয়?

ক 244 kJ/mole খ 241 kJ/mole
 ঘ 498 kJ/mole গ 928 kJ/mole

৩৬৪. Cl – Cl বন্ধন ভাঙার প্রয়োজনীয় শক্তি কোনটি?

ঘ 244 kJ খ 414 kJ
 গ 326 kJ ঘ 431 kJ

৩৬৫. কোনো রাসায়নিক বিক্রিয়ায় বিক্রিয়কসমূহের মোট শক্তি E₂ এবং উৎপাদসমূহের মোট শক্তি E₁ হলে তাপহারী বিক্রিয়ার জন্য কোনটি সঠিক?

ক E₂ > E₁ খ E₂ = E₁
 ঘ E₁ > E₂ গ E₁ ≠ E₂

৩৬৬. সোডিয়াম বাইকার্বনেট—

- i. সোডা অ্যাশ নামে পরিচিত
 ii. খাবার সোডা নামে পরিচিত
 iii. লেবুর রসের বিক্রিয়ায় CO₂, লবণ ও পানি উৎপন্ন করে
 নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii

গ) ii ও iii ● i, ii ও iii

৩৬৭. Fossil fuels নয় কোনটি?

ক) প্রাকৃতিক গ্যাস খ) কয়লা

গ) পেট্রোলিয়াম ● বায়োগ্যাস

৩৬৮. এসিড বৃষ্টির মূল উপাদান কী?

ক) C খ) H

গ) O ● S

৩৬৯. জ্বালানির আংশিক দহনে কোন গ্যাস উৎপন্ন হয়?

ক) CO₂ ● CO

গ) SO₂ ঘ) CH₄

৩৭০. বাতাসে জলীয়বাষ্পের সাথে অল্প তৈরি করে—

i. NO₂

ii. CO₂

iii. SO₂

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii ● ii ও iii ঘ) i, ii ও iii

৩৭১. কোন গ্যাসটির তাপ ধারণ ক্ষমতা বেশি?

ক) CO ● CO₂

গ) SO₂ ঘ) NO

৩৭২. কোনটি গ্রিন হাউজ গ্যাস নামে পরিচিত?

ক) CO খ) SO₂

গ) NO₂ ● CO₂

৩৭৩. ইথানলকে পোড়ালে কী উৎপন্ন হয়?

● তাপ খ) তাপমাত্রা

গ) হাইড্রোজেন ঘ) অক্সিজেন

৩৭৪. কোন দেশে অ্যালকোহলকে পরিবেশ বান্ধব জ্বালানি হিসেবে ব্যবহার করা হয়?

ক) জাপান খ) বাহামা

● ব্রাজিল ঘ) বতসোওয়ানা

৩৭৫. জারণ-বিজারণের মাধ্যমে বিদ্যুৎ উৎপন্ন করা সম্ভব। এটি প্রথম কে আবিষ্কার করেন?

ক) ডাল্টন ও ভোল্টা খ) নিউটন ও ভোল্টা

● গ্যালভানি ও ভোল্টা ঘ) অ্যাভোগেড্রো ও ভোল্টা

৩৭৬. পরিবাহী সাধারণত কত প্রকার?

● ২ খ) ৩

- গ) ৪ ঘ) ৫
৩৭৭. নিচের কোনটি ইলেকট্রনিক পরিবাহী?
- ক) চিনি খ) গ্লুকোজ
- গ্রাফাইট ঘ) গলিত লবণ
৩৭৮. নিচের কোনটি ড্যানিয়াল কোষের ক্যাথোড?
- ক) $Ni | Ni^{2+}(aq)$ ● $Ag | Ag^{+}(aq)$
- গ) $Zn | Zn^{2+}(aq)$ ঘ) $Cu | Cu^{2+}(aq)$
৩৭৯. গ্যালভানিক কোষে ক্যাথোডে কোনটি উৎপন্ন হয়?
- $Cu(s)$ খ) $Zn(s)$
- গ) $Zn^{2+}(aq)$ ঘ) $Cu^{2+}(aq)$
৩৮০. লবণ সেতুর কাজ কী?
- ক) কোষের দুই অংশে ক্যাটায়ন সরবরাহ করা
- খ) সেতুর মধ্য দিয়ে আয়ন চলাচল
- গ) তড়িৎ প্রবাহের হার পরিবর্তন করা
- কোষের দুই প্রান্তে আয়নের আধিক্য কমানো
৩৮১. কোনটি ড্রাইসেলের উপাদান নয়?
- ক) MnO_2 খ) NH_4Cl
- গ) $ZnCl_2$ ● $AlCl_3$
৩৮২. ড্রাইসেলের তড়িৎ বিভব কত?
- 1.5 Volt খ) 2.0 Volt
- গ) 4.5 Volt ঘ) 6 Volt
৩৮৩. ব্যাটারির অপর নাম কী?
- ড্রাইসেল খ) আইপিএস
- গ) গ্যালভানি সেল ঘ) সঞ্চয়ক কোষ
৩৮৪. ড্রাইসেলে কোনটি বিজারিত হয়?
- ক) C খ) Zn
- MnO_2 ঘ) NH_4Cl
৩৮৫. পরিত্যক্ত ব্যাটারিতে নিচের কোনটি পাওয়া যাবে?
- ক) তামা খ) দস্তা
- সিসা ঘ) পারদ
৩৮৬. ফুয়েল সেলে ক্যাথোডে কী বিজারিত হয়?
- ক) H_2 খ) C_2H_6

● O₂ ঘ) C₂H₅OH

৩৮৭. মানবদেহের রক্তে থাকে-

i. আয়ন

ii. প্রোটিন

iii. ইলেকট্রন

নিচের কোনটি সঠিক?

● i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৮৮. হাইড্রোজেন গ্যাস-

i. বায়ু অপেক্ষা ভারী

ii. ফুয়েল সেলের সবচেয়ে ভালো জ্বালানি

iii. পরিবেশবান্ধব জ্বালানি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii ● ii ও iii ঘ) i, ii ও iii

৩৮৯. পানির তড়িৎ বিশ্লেষণে তড়িৎদ্বার হিসেবে কোনটি ব্যবহৃত হয়?

ক) Cu খ) Zn ● Pt ঘ) H₂SO₄

৩৯০. একমোল ইউরেনিয়াম-235 নিউক্লিয়ার ফিসন বিক্রিয়ায় কত জুল শক্তি উৎপন্ন করে?

ক) 2.2×10^7 খ) 2.2×10^{13}

গ) 2.0×10 ● 2.0×10^{23}

৩৯১. বিদ্যুৎ উৎপাদনে কোন বিক্রিয়া ব্যবহৃত হয়?

● ফিসন খ) ফিউসন

গ) চেইন ঘ) ভাঙন

৩৯২. পারমাণবিক সংখ্যা কত এর বেশি হলে মৌল তেজস্ক্রিয়তা প্রদর্শন করে?

ক) 82 ● 83 গ) 92 ঘ) 72

৩৯৩. উত্তর আমেরিকার বিদ্যুতের মোট চাহিদার কত ভাগ পারমাণবিক চুল্লি থেকে উৎপন্ন হয়?

ক) 10% ● 20%

গ) 30% ঘ) 40%

৩৯৪. ${}_{92}^{235}\text{U} + {}_0^1\text{n} \rightarrow {}_{56}^{144}\text{Ba} + {}_{36}\text{A} + 2\text{টি নিউট্রন} + \text{বিপুল শক্তি}$; A এর ভরসংখ্যা নিচের কোনটি হবে বলে তোমার ধারণা?

● 90 খ) 92

গ) 96 ঘ) 94

৩৯৫. কোনটি থেকে থোরিয়াম-234 উৎপন্ন হয়?

ক) সিসা-206 ● ইউরেনিয়াম-238

গ) পোলোনিয়াম-210 ঘ) স্ট্রোনসিয়াম-235

৩৯৬. ফিসন বিক্রিয়া কী ধরনের বিক্রিয়া?

- ক) প্রশমন খ) তাপহারী
● নিউক্লিয়ার ঘ) সংশ্লেষণ

৩৯৭. ফিসন বিক্রিয়া কী ধরনের বিক্রিয়া?

- ক) প্রশমন খ) তাপহারী
● নিউক্লিয়ার ঘ) সংশ্লেষণ

৩৯৮. রাসায়নিক শক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তর করা হয়— (অনুধাবন)

- i. রেডিও-টিভিতে
ii. বৈদ্যুতিক বাতি-পাখাতে
iii. ইটের গাঁথুনিতে
নিচের কোনটি সঠিক?

- i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৯৯. বিকল্প শক্তি হিসেবে ব্যবহৃত হতে পারে— (প্রয়োগ)

- i. সৌরশক্তি
ii. পারমাণবিক শক্তি
iii. বিদ্যুৎ শক্তি
নিচের কোনটি সঠিক?

- i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪০০. একটি তড়িৎদ্বার ও তড়িৎকোষ নিম্নরূপ— (উচ্চতর দক্ষতা)



- i. নিকেল ক্যাথোড
ii. লবণ সেতু ব্যবহার না করলে অ্যানোড পাশে Ni^{2+} আয়নের আধিক্য
iii. লবণ সেতু ব্যবহার না করলে ক্যাথোড পাশে Ag^+ আয়নের ঘাটতি হয়
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii ● ii ও iii ঘ) i, ii ও iii

৪০১. $\text{CH}_4 + \text{Cl}_2 = \text{CH}_3\text{Cl} + \text{HCl}$ বিক্রিয়াটি— (অনুধাবন)

- i. দ্বিবিযোজন
ii. তাপহারী
iii. $\Delta H = -99 \text{ kJ}$
নিচের কোনটি সঠিক?


- ক) i ও ii খ) i ও iii ● ii ও iii ঘ) i, ii ও iii

৪০২. তড়িৎবিশ্লেষণ কোষ সম্পর্কিত নিচের তথ্যগুলো লক্ষ কর— (উচ্চতর দক্ষতা)
- এ কোষে রাসায়নিক শক্তি বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত হয়
 - দ্রবণে সৃষ্ট আয়ন দ্বারা তড়িৎ প্রবাহ ঘটে
 - অ্যানোড ধনাত্মক এবং ক্যাথোড ঋণাত্মক চার্জযুক্ত হয়
- নিচের কোনটি সঠিক?
- ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৪০৩. বৈশ্বিক উষ্ণতার কারণ হলো— (অনুধাবন)
- পারমাণবিক চুল্লির ব্যবহার
 - শিল্প-কারখানার কালো ধোঁয়া ও বর্জ্য
 - জীবাশ্ম জ্বালানির ব্যবহার
- নিচের কোনটি সঠিক?
- ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৪০৪. জ্বালানির দহনে আলো ও তাপ উৎপন্ন হওয়ার কারণ— (উচ্চতর দক্ষতা)
- উৎপন্ন পদার্থের শক্তি জ্বালানিতে থাকা স্থিত শক্তির তুলনায় কম থাকায়
 - তাপউৎপাদী বিক্রিয়ার বৈশিষ্ট্য অনুসরণ করায়
 - বন্ধন ভেঙে গিয়ে নতুন বন্ধন গঠিত হওয়ায়
- নিচের কোনটি সঠিক?
- ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

মিথেন ও ক্লোরিন গ্যাসের বিক্রিয়া থেকে ৪০৭-৪০৯ নং প্রশ্নের উত্তর দাও।



এখানে C - H বন্ধন শক্তি : 414 kJ/mole

C - Cl বন্ধন শক্তি : 326 kJ/mole

Cl - Cl বন্ধন শক্তি : 244 kJ/mole

H - Cl বন্ধন শক্তি : 431 kJ/mole

৪০৫. এ বিক্রিয়ায় বন্ধন ভাঙার প্রয়োজনীয় শক্তি কত? (প্রয়োগ)

ক 99 kJ খ 199 kJ

গ 658 kJ ঘ 757 kJ

৪০৬. উক্ত বিক্রিয়াটি কোন ধরনের বিক্রিয়া? (উচ্চতর দক্ষতা)


ক তাপোৎপাদী খ তাপহারী

গ) প্রশমন ঘ) তাপবিয়োজন

৪০৭. এখানে C–H বন্ধন ভেঙে কোন বন্ধন সৃষ্টি হয়েছে? (অনুধাবন)

- C – Cl খ) H – Cl
গ) H – H ঘ) Cl – Cl

নিচের সমীকরণটি লক্ষ কর এবং ৪১০ ও ৪১১নং প্রশ্নের উত্তর দাও :



৪০৮. উদ্দীপকের বিক্রিয়ায় উৎপাদ কোনটি? (প্রয়োগ)

- ক) প্রোটিয়াম খ) ডিউটেরিয়াম
গ) ট্রিটিয়াম ● হিলিয়াম


৪০৯. উদ্দীপকের বিক্রিয়াটি— (উচ্চতর দক্ষতা)

- i. সূর্যের মধ্যে ঘটে
ii. নিউক্লিয়ার ফিউসন বিক্রিয়া
iii. ফিসন বিক্রিয়া

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের তথ্যের আলোকে ৪১২ ও ৪১৩নং প্রশ্নের উত্তর দাও :



y–y, z–z ও y–z এর বন্ধন শক্তি যথাক্রমে 30 kJ /mole. 40kJ/mole ও 36 kJ/mole

৪১০. উদ্দীপকের বিক্রিয়াটি কোন ধরনের?(প্রয়োগ)

- সংশ্লেষণ খ) বিশ্লেষণ
গ) বিয়োজন ঘ) প্রণয়ন

৪১১. বিক্রিয়াটিতে— (উচ্চতর দক্ষতা)

- i. তাপের উদগীরণ ঘটে
ii. চাপ প্রয়োগে সম্মুখ বিক্রিয়ায় গতিবেগ বাড়ে
iii. জারণ ও বিজারণ উভয় ঘটে

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের অনুচ্ছেদ পড় এবং ৪১৪ ও ৪১৫ নং প্রশ্নের উত্তর দাও :

তড়িৎ রাসায়নিক বিক্রিয়ায় যে তড়িৎদ্বার তড়িৎ বিশ্লেষ্য পদার্থকে ইলেকট্রন প্রদান করে, তাকে X বলে। আর যা ইলেকট্রন গ্রহণ করে তাকে Y বলে।

৪১২. X ও Y তে বিক্রিয়া কীভাবে সংঘটিত হয়? (অনুধাবন)

- স্বতঃস্ফূর্তভাবে খ) অতি ধীরে

গ) প্রভাবকের উপস্থিতিতে ঘ) তাপের প্রভাবে

৪১৩. X ও Y তে – (প্রয়োগ)

i. জারণ-বিজারণ যুগপৎ ঘটে

ii. তড়িৎ রাসায়নিক বিক্রিয়া হয়

iii. অ্যানোড বিক্রিয়া : $M \longrightarrow M^+ + e^-$

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii

খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

● ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর ■ ●

প্রশ্ন ১ ১ ৥ রাসায়নিক তাপ পরিবর্তনের পরিমাণকে কী এককে প্রকাশ করা হয়?

উত্তর : রাসায়নিক তাপ পরিবর্তনের পরিমাণকে 1 জুল বা 1 kJ এককে প্রকাশ করা হয়।

প্রশ্ন ২ ২ ৥ রাসায়নিক বিক্রিয়ার তাপ পরিবর্তন কী কী বিষয়ের ওপর নির্ভর করে?

উত্তর : রাসায়নিক বিক্রিয়ার তাপ পরিবর্তন তাপমাত্রা ও চাপের ওপর নির্ভর করে।

প্রশ্ন ৩ ৩ ৥ শূক্ক কোষ কাকে বলে?

উত্তর : তরল তড়িৎবিশ্লেষ্যের পরিবর্তে পেস্ট হিসেবে এবং শূক্ক ইলেকট্রোলাইট ব্যবহার করে যে কোষ গঠন করা হয় তাকে শূক্ক কোষ বলে।

প্রশ্ন ৪ ৪ ৥ বন্ধন শক্তি কাকে বলে?

উত্তর : কোনো পদার্থের এক মোল পরিমাণে বিদ্যমান কোনো নির্দিষ্ট বন্ধনকে ভেঙে মুক্ত পরমাণু বা মূলকে পরিণত করতে যে পরিমাণ তাপশক্তির প্রয়োজন হয় তাকে ঐ পদার্থের বন্ধন শক্তি বলা হয়।

প্রশ্ন ৫ ৫ ৥ তাপ রাসায়নিক সমীকরণের প্রমাণ তাপমাত্রা ও চাপ কত?

উত্তর : তাপ রাসায়নিক সমীকরণে প্রমাণ তাপমাত্রা 25°C বা 298K এবং প্রমাণ চাপ 1 atm বায়ুচাপ।

প্রশ্ন ৬ ৬ ৥ ড্যানিয়াল কোষে ব্যবহৃত দ্রবণ দুটি কী কী?

উত্তর : ড্যানিয়াল কোষে ZnSO_4 ও CuSO_4 এ দ্রবণ দুটি ব্যবহৃত হয়।

প্রশ্ন ৭ ৭ ৥ বিদ্যুৎ প্রবাহ কী?

উত্তর : কোনো পরিবাহীর মধ্য দিয়ে আয়ন বা ইলেকট্রনগুলোর একটি নির্দিষ্ট দিকে সঞ্চালিত হওয়ার ঘটনাকে বিদ্যুৎ প্রবাহ বলে।

প্রশ্ন ৮ ৮ ৥ তড়িৎবিশ্লেষ্য কোষ কী?

উত্তর : যে পাত্রে তড়িৎবিশ্লেষণ প্রক্রিয়া চালনা করা হয় তাকে তড়িৎ বিশ্লেষ্য কোষ বলে।

প্রশ্ন ৯ ৯ ৥ গ্যালভানিক কোষ তৈরির প্রধান দুটি সক্রিয় উপাদান কী?

উত্তর : গ্যালভানিক কোষ তৈরির প্রধান দুটি সক্রিয় উপাদান হলো কপার দণ্ড এবং জিঙ্ক দণ্ড।

প্রশ্ন ১০ ১০ ৥ দুটি বিদ্যুৎ পরিবাহী এবং দুটি বিদ্যুৎ অপরিবাহী পদার্থের নাম লেখ।

উত্তর : দুটি বিদ্যুৎ পরিবাহী পদার্থের নাম : রুপা ও অ্যালুমিনিয়াম।

দুটি বিদ্যুৎ অপরিবাহী পদার্থের নাম : কাঠ ও কাচ।

প্রশ্ন ॥ ১১ ॥ দুটি তড়িৎবিশ্লেষ্য ও দুটি তড়িৎঅবিশ্লেষ্য পদার্থের নাম লেখ।

উত্তর : দুটি তড়িৎবিশ্লেষ্য পদার্থের নাম : সোডিয়াম ক্লোরাইড (NaCl) ও কপার সালফেট (CuSO₄)

দুটি তড়িৎঅবিশ্লেষ্য পদার্থের নাম : বিশুদ্ধ পানি ও চিনির জলীয় দ্রবণ।

প্রশ্ন ॥ ১২ ॥ তড়িৎবিশ্লেষ্য পদার্থকে কোন অবস্থায় থাকতে হবে?

উত্তর : তড়িৎ বিশ্লেষ্য পদার্থকে পানিতে দ্রবীভূত বা গলিত অবস্থায় থাকতে হবে।

প্রশ্ন ॥ ১৩ ॥ অর্ধকোষ কী?

উত্তর : দুটি তড়িৎদ্বার এবং তড়িৎবিশ্লেষ্যের সমন্বয়ে একটি পূর্ণাঙ্গ কোষ গঠিত হয়। এ ধরনের কোষের এক একটি তড়িৎদ্বার এবং তড়িৎ বিশ্লেষ্যের যুগলকে অর্ধকোষ বলা হয়।

প্রশ্ন ॥ ১৪ ॥ উদ্দিদ কোন প্রক্রিয়ায় শক্তি সঞ্চয় করে?

উত্তর : সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায়।

প্রশ্ন ॥ ১৫ ॥ বিশুদ্ধ জ্বালানি কাকে বলে?

উত্তর : যা পোড়ানোর ফলে স্বাস্থ্য ও পরিবেশের জন্য ক্ষতিকারক পদার্থ তৈরি হয় না, তাকে বিশুদ্ধ জ্বালানি বলে।

প্রশ্ন ॥ ১৬ ॥ 'ফটোক্যামিক্যাল ধোঁয়া কাকে বলে?

উত্তর : যানবাহন থেকে নির্গত ধোঁয়া সূর্যের আলোর উপস্থিতিতে রাসায়নিক বিক্রিয়ায় মাধ্যমে যে বিষাক্ত গ্যাসের ধোঁয়ার সৃষ্টি করে তাকে ফটোক্যামিক্যাল ধোঁয়া বলে।

প্রশ্ন ॥ ১৭ ॥ ফুয়েল সেলের সবচেয়ে ভাল জ্বালানি কী?

উত্তর : ফুয়েল সেলের সবচেয়ে ভালো জ্বালানি হলো হাইড্রোজেন গ্যাস।

প্রশ্ন ॥ ১৮ ॥ নিউক্লিয়ার ফিসন কী?

উত্তর : যে নিউক্লিয়ার বিক্রিয়ায় বড় নিউক্লিয়াস ভেঙে ছোট ছোট নিউক্লিয়াস তৈরি হয়, তাকে নিউক্লিয়ার ফিসন বলে।

প্রশ্ন ॥ ১৯ ॥ কত তাপমাত্রায় হাইড্রোজেন পরমাণু থেকে হিলিয়াম পরমাণু তৈরি হয়?

উত্তর : 15 মিলিয়ন °C।

প্রশ্ন ॥ ২০ ॥ কোন গ্যাসকে গ্রিন হাউজ গ্যাস বলে?

উত্তর : কার্বন ডাইঅক্সাইড গ্যাসকে গ্রিন হাউজ গ্যাস বলে।

প্রশ্ন ॥ ২১ ॥ বায়ুমন্ডলের কোন স্তরকে ছাকনি বলা হয়?

উত্তর : বায়ুমন্ডলের ওজোনস্তরকে ছাকনি বলা হয়।

প্রশ্ন ॥ ২২ ॥ Ultraviolet ray কী?

উত্তর : সূর্যের আলোতে উপস্থিত অতিবেগুনি রশ্মিকে Ultraviolet ray বলে।

প্রশ্ন ॥ ২৩ ॥ সেলুলোজ কী?

উত্তর : উদ্ভিদ দেহের উপাদানসমূহকে সেলুলোজ বলে।

প্রশ্ন ॥ ২৪ ॥ নিউক্লিয়ার শিকল বিক্রিয়া কী?

উত্তর : নিউক্লিয়ার বিক্রিয়া যখন শিকলের ন্যায় চলতে থাকে তাকে নিউক্লিয়ার শিকল বিক্রিয়া বলে।

প্রশ্ন ॥ ২৫ ॥ ফিসন বিক্রিয়া কোন প্রকৃতির?

উত্তর : ফিসন বিক্রিয়া হলো তাপ উৎপাদী বিক্রিয়া।

প্রশ্ন ॥ ২৬ ॥ বাণিজ্যিকভাবে লোহার পরিবর্তে কোনটি ব্যবহৃত হয়?

উত্তর : বাণিজ্যিকভাবে লোহার পরিবর্তে ইস্পাত ব্যবহৃত হয়।

প্রশ্ন ॥ ২৭ ॥ হাইড্রোজেন পোড়ালে কী হয়?

উত্তর : হাইড্রোজেনকে পোড়ালে পরিবেশের জন্য প্রয়োজনীয় পানি ও তাপ উৎপন্ন হয়।

প্রশ্ন ॥ ২৮ ॥ লিথিয়াম ব্যাটারিতে কোনটি ব্যবহৃত হয়?

উত্তর : লিথিয়াম ব্যাটারিতে লিথিয়াম কোবাল্ট অক্সাইড (LiCoO_2) ব্যবহৃত হয়।

প্রশ্ন ॥ ২৯ ॥ ড্যানিয়াল কোষ কী ধরনের কোষ?

উত্তর : ড্যানিয়াল কোষ এক ধরনের গ্যালভানিক কোষ।

প্রশ্ন ॥ ৩০ ॥ তড়িৎবিশ্লেষ্য কোষ কী?

উত্তর : যে কোষে তড়িৎবিশ্লেষণ করা হয় তাকে তড়িৎবিশ্লেষ্য কোষ বলে।

প্রশ্ন ॥ ৩১ ॥ অপরিবাহী পদার্থ কী?

উত্তর : যেসব পদার্থের মধ্য দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হতে পারে না, তাদেরকে অপরিবাহী পদার্থ বলে।

প্রশ্ন ॥ ৩২ ॥ ইথানলকে কী বলা হয়?

উত্তর : ইথানলকে জৈব জ্বালানি বলা হয়।

প্রশ্ন ॥ ৩৩ ॥ গ্যালভানিক কোষের অপর নাম কী?

উত্তর : গ্যালভানিক কোষের অপর নাম ভোলটায়িক কোষ।

প্রশ্ন ॥ ৩৪ ॥ গ্রিন হাউজ গ্যাস কোনটি?

উত্তর : CO_2 কে গ্রিন হাউজ গ্যাস বলা হয়।

● ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর ■ ●

প্রশ্ন ॥ ১ ॥ পানির তড়িৎবিশ্লেষণে ক্যাথোডে এবং অ্যানোডে কী কী গ্যাস উৎপন্ন হয় এবং এদের অনুপাত কত?

উত্তর : পানির তড়িৎ বিশ্লেষণে ক্যাথোডে হাইড্রোজেন গ্যাস এবং অ্যানোডে অক্সিজেন গ্যাস উৎপন্ন হয়।

একই তাপমাত্রা ও চাপে ক্যাথোডে দুই আয়তন হাইড্রোজেন গ্যাস এবং অ্যানোডে এক আয়তন অক্সিজেন গ্যাস উৎপন্ন হয়। সুতরাং, হাইড্রোজেন এবং অক্সিজেন গ্যাসের আয়তনের অনুপাত 2 :

1।

প্রশ্ন ॥ ২ ॥ অ্যানোড ও ক্যাথোড কী?

উত্তর : তড়িৎবিশ্লেষণ কোষের ধনাত্মক তড়িৎদ্বারকে অ্যানোড আর ঋণাত্মক তড়িৎদ্বারকে ক্যাথোড বলে। অ্যানোডে বিদ্যুৎ প্রবাহ ব্যাটারি থেকে তড়িৎবিশ্লেষ্যের মধ্যে প্রবেশ করে। আর, ক্যাথোডে বিদ্যুৎপ্রবাহ তড়িৎ বিশ্লেষ্য থেকে ব্যাটারিতে ফিরে যায়।

প্রশ্ন ১৩ ৥ ক্যাটায়ন ও অ্যানায়ন কী?

উত্তর : গলিত অবস্থায় তড়িৎবিশ্লেষ্য পদার্থের অণুগুলো ভেঙে দুটি বিপরীত তড়িৎগ্রস্ত কণায় বিয়োজিত হয়ে যায়। পজিটিভ তড়িৎগ্রস্ত কণাগুলোকে ক্যাটায়ন আর নেগেটিভ তড়িৎগ্রস্ত কণাগুলোকে অ্যানায়ন বলে। Na^+ , Cu^{++} , Ca^{++} আয়নগুলোকে ক্যাটায়ন। আর Cl^- , SO_4^{--} , S^{--} আয়নগুলোকে অ্যানায়ন বলা হয়।



প্রশ্ন ১৪ ৥ তড়িৎ রাসায়নিক কোষ বলতে কী বোঝায়?

উত্তর : রাসায়নিক ক্রিয়ার সাহায্যে যে যন্ত্র দিয়ে নিরবচ্ছিন্ন তড়িৎ প্রবাহ উৎপন্ন করা যায় তাকে তড়িৎ রাসায়নিক কোষ বলে।

দুটি ইলেকট্রোড বা তড়িৎদ্বারকে একই বা দুটি ভিন্ন তড়িৎবিশ্লেষ্যের দ্রবণে নিমজ্জিত করে তড়িৎ রাসায়নিক কোষ প্রস্তুত করা হয়।

প্রশ্ন ১৫ ৥ পদার্থের দহন তাপে সর্বদা শক্তি নির্গত হয় কেন?

উত্তর : 1 atm চাপে কোনো যৌগিক বা মৌলিক পদার্থের 1 mole সম্পূর্ণরূপে অক্সিজেনে দহন করলে তাপশক্তির যে পরিবর্তন হয়, তাকে সে পদার্থের দহন তাপ বলা হয়। যেমন :



দহনের সময়ে বিক্রিয়ক পদার্থের অণুর বন্ধনসমূহ যেমন C–H, H–H ভাঙে, সাথে অক্সিজেন অণুর বন্ধনও $O = O$ ভাঙে; কিন্তু একই সঙ্গে উৎপাদের শক্তিশালী $C = O$, $O–H$ প্রভৃতি বন্ধনের সৃষ্টি হয়। এ কারণেই দহন তাপে সর্বদা শক্তি নির্গত হয়।

প্রশ্ন ১৬ ৥ $2H_2 + O_2 = 2H_2O +$ তাপ– এ বিক্রিয়াকে তাপোৎপাদী বিক্রিয়া কেন বলা হয়?

উত্তর : হাইড্রোজেন ও অক্সিজেনের বিক্রিয়ায় পানি উৎপন্ন হয়। পানি একটি তাপোৎপাদী পদার্থ। পানি এর মূল উপাদান হাইড্রোজেন এবং অক্সিজেনের চেয়ে কম সক্রিয় এবং বেশি স্থায়ী। তাই পানি উৎপন্ন করতে বেশি তাপ শক্তির প্রয়োজন হয়। আর, এজন্য বিক্রিয়াটি একটি তাপোৎপাদী বিক্রিয়া।

প্রশ্ন ১৭ ৥ $H_2 + I_2 = 2HI -$ তাপ; এ বিক্রিয়াকে তাপহারী বিক্রিয়া কেন বলা হয়?

উত্তর : হাইড্রোআয়োডিক এসিড একটি তাপহারী পদার্থ। হাইড্রোআয়োডিক এসিড এর মূল উপাদান H_2 এবং I_2 –এর চেয়ে বেশি সক্রিয় এবং কম স্থায়ী। তাই হাইড্রোআয়োডিক এসিড উৎপন্ন করতে অপেক্ষাকৃত কম তাপের প্রয়োজন হয়। আর, এজন্য বিক্রিয়াটি একটি তাপহারী বিক্রিয়া।

প্রশ্ন ৯ ৮ ৥ $C(s) + O_2(g) \longrightarrow CO_2(g); \Delta H = - 394 \text{ kJ}$ এ তাপ রাসায়নিক সমীকরণকে ভাষায় প্রকাশ কর।

উত্তর: প্রশ্নে উল্লিখিত বিক্রিয়ায় এক মোল কঠিন কার্বন সম্পূর্ণরূপে এক মোল অক্সিজেন গ্যাসের সঙ্গে বিক্রিয়া করে এক মোল কার্বন ডাইঅক্সাইড গ্যাস উৎপন্ন করে। একই সাথে এ সময়ে 394 kJ তাপ নির্গত হয়।

প্রশ্ন ৯ ৯ ৥ তাপ রাসায়নিক সমীকরণে বিক্রিয়ক ও উৎপাদের অবস্থাসমূহ উল্লেখ করা হয় কেন?

উত্তর : তাপ রাসায়নিক সমীকরণে বিক্রিয়ক ও উৎপাদসমূহের অবস্থা (গ্যাসীয়, তরল বা কঠিন) উল্লেখ করা অতীব প্রয়োজন। কেননা, অবস্থাভেদে ΔH -এর মান পরিবর্তিত হতে পারে।

যেমন- $2H_2(g) + O_2(g) \longrightarrow 2H_2O(l); \Delta H = - 572 \text{ kJ}$

এ বিক্রিয়ায় তরল পানি উৎপাদিত হতে যে তাপশক্তির পরিবর্তন হয় তা উল্লিখিত হয়েছে। কিন্তু, উক্ত বিক্রিয়ায় গ্যাসীয় পানি উৎপাদিত হলে আরও কম পরিমাণ তাপ নির্গত হবে।

যেমন- $2H_2(g) + O_2(g) \rightarrow 2H_2O(g); \Delta H = - 484 \text{ kJ}$

সুতরাং, তাপ রাসায়নিক সমীকরণে বিক্রিয়ক ও উৎপাদের অবস্থাসমূহ উল্লেখ করা অতীব প্রয়োজন।

প্রশ্ন ১০ ৥ রাসায়নিক বিক্রিয়ায় তাপশক্তি উদ্ব বা শোষিত হয় কোথা থেকে?

উত্তর : রাসায়নিক বিক্রিয়ায় বিক্রিয়কের অণুগুলোর বিভিন্ন পরমাণুর মধ্যে রাসায়নিক বন্ধন বিদ্যমান। এসব বন্ধনই তাপশক্তির আধার। একটি বন্ধন ভাঙতে শক্তি যোগান দিতে হয়। আবার নতুন বন্ধন সৃষ্টি হলে সেই শক্তি নির্গত হয়। এ বন্ধন ভাঙা ও গড়ায় সর্বমোট যে শক্তির পরিবর্তন হয় সেটিই বিক্রিয়ায় তাপের উদ্ব বা শোষণ হিসেবে দেখা দেয়।

প্রশ্ন ১১ ৥ $NaCl$ -এর জলীয় দ্রবণে তড়িৎ বিশ্লেষণ করলে ক্যাথোডে ও অ্যানোডে কী গ্যাস নির্গত হয়?

উত্তর : $NaCl$ -এর জলীয় দ্রবণে Na^+ , H^+ , Cl^- এবং OH^- আয়ন বর্তমান থাকে।

$NaCl \longrightarrow Na^+ + Cl^-$

$H_2O \longrightarrow H^+ + OH^-$

Pt তড়িৎদ্বার ব্যবহার করে ঐ দ্রবণের মধ্যে তড়িৎ চালনা করলে ক্যাথোডে H^+ এবং অ্যানোডে OH^- আয়ন মুক্ত হয়।

কারণ H^+ আয়নের তড়িৎ ঋণাত্মকতা Na^+ আয়নের চেয়ে কম এবং OH^- আয়নের তড়িৎ ঋণাত্মকতা Cl^- আয়নের চেয়ে কম। তাই $NaCl$ -এর জলীয় দ্রবণের তড়িৎ বিশ্লেষণ করলে ক্যাথোডে H_2 এবং অ্যানোডে Cl_2 নির্গত হয়।

প্রশ্ন ১২ ৥ ধাতব পরিবাহী এবং তড়িৎবিশ্লেষ্যের মধ্যে দুটি পার্থক্য উল্লেখ কর।

উত্তর : ধাতব পরিবাহী এবং তড়িৎবিশ্লেষ্যের মধ্যে দুটি পার্থক্য নিম্নরূপ:


ধাতব পরিবাহী	তড়িৎ বিশ্লেষ্য
i. ধাতব পরিবাহীর	i. গলিত বা পানিতে

মধ্য দিয়ে বিদ্যুৎ পরিবহনের সময় কোনোরূপ রাসায়নিক পরিবর্তন হয় না।	দ্রবীভূত অবস্থায় বিদ্যুৎ পরিবহন করে এবং বিদ্যুৎ পরিবহনকালে পদার্থগুলো বিশ্লিষ্ট হয়ে নতুন পদার্থ উৎপন্ন করে।
ii. তাপমাত্রা বাড়ালে ধাতব পরিবাহীর বিদ্যুৎ পরিবাহিতা কমে যায়।	ii. তাপমাত্রা বাড়ালে তড়িৎবিশ্লেষ্য পদার্থের বিদ্যুৎ পরিবাহিতা বৃদ্ধি পায়।

প্রশ্ন ১৩ ৥ বিশুদ্ধ পানির তড়িৎবিশ্লেষণ করা সম্ভব নয় কেন?

উত্তর : বিশুদ্ধ পানি দুর্বল প্রকৃতির তড়িৎ বিশ্লেষ্য পদার্থ। তাই বিশুদ্ধ পানি তড়িৎ পরিবহন করতে পারে না।

বিশুদ্ধ পানির মোট অণুর অতি সামান্য অংশ বিয়োজিত হয় এবং স্বল্প পরিমাণে হাইড্রোজেন আয়ন (H^+) এবং হাইড্রোক্সিল আয়ন (OH^-) উৎপন্ন হয়।



কিন্তু পানিতে কয়েক ফোঁটা এসিড (H_2SO_4 বা HCl) বা ক্ষার দ্রবণ ($NaOH$ বা KOH) মেশালে পানির তড়িৎ পরিবহন ক্ষমতা বাড়ে। ফলে পানির বেশিরভাগ অণুই H^+ এবং OH^- আয়নে বিয়োজিত হয়ে যায়। তাই বিশুদ্ধ পানির তড়িৎবিশ্লেষণ করা সম্ভব নয়।


প্রশ্ন ১৪ ৥ তড়িৎবিশ্লেষণে তড়িৎদ্বারের প্রয়োজন হয় কেন?

উত্তর : তড়িৎবিশ্লেষ্য পদার্থে তড়িৎ পরিবহন করতে হলে দ্রবণের মধ্যে শ্রেণি সমবায়ে একটি বৈদ্যুতিক বর্তনী সম্পূর্ণ করতে হয়। দ্রবণের মধ্যে বিদ্যুৎ প্রবাহ চালনা করতে হলে দুটি ধাতব পাতের দরকার হয়। যার একটি দিয়ে বিদ্যুৎ কোষে প্রবেশ করে এবং অন্যটি দিয়ে বের হয়ে যায়। এ দুটি ধাতব পাতকে তড়িৎদ্বার বলা হয়। সুতরাং, তড়িৎ বিশ্লেষণে বিদ্যুৎ প্রবাহ চালনা করতে অবশ্যই তড়িৎদ্বার লাগবে।

প্রশ্ন ১৫ ৥ লেকল্যান্স কোষে MnO_2 -এর কাজ কী?

উত্তর : লেকল্যান্স কোষে বিদ্যুৎ প্রবাহকালে অ্যামোনিয়া গ্যাস পানিতে দ্রবীভূত হয় এবং দ্রবণ থেকে ধীরে ধীরে বাতাসে মিশে যায়। এর ফলে কোনো অসুবিধা হয় না। কিন্তু ক্যাথোডে উৎপাদিত হাইড্রোজেন গ্যাস বুদবুদ আকারে অ্যানোডের গায়ে লেগে থাকতে চায়। এর ফলে বিদ্যুৎ প্রবাহ বাধাপ্রাপ্ত হয়। এ অসুবিধা দূর করার জন্য MnO_2 ব্যবহার করা হয়। MnO_2 -এর সাথে H_2 গ্যাস

বিক্রিয়া করে পানি উৎপন্ন করে। এ কারণে কার্বনদণ্ডের উপরিভাগে H₂ গ্যাসের প্রলেপ সৃষ্টি হতে পারে না।



প্রশ্ন ॥ ১৬ ॥ তড়িৎবিশ্লেষণের ব্যবহারিক প্রয়োগ উল্লেখ কর।

উত্তর : তড়িৎবিশ্লেষণের কতিপয় ব্যবহারিক প্রয়োগ নিম্নরূপ:

১. সোডিয়াম, পটাসিয়াম, ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম, অ্যালুমিনিয়াম প্রভৃতি তীব্র ধনাত্মক ধাতুর নিষ্কাশনে তড়িৎ বিশ্লেষণ প্রয়োগ করা হয়।
২. কপার, সিলভার, তামা, অ্যালুমিনিয়াম প্রভৃতি ধাতুর বিশুদ্ধিকরণেও তড়িৎ বিশ্লেষণ প্রয়োগ করা হয়।
৩. ক্লোরিন, হাইড্রোজেন, অক্সিজেন, সোডিয়াম হাইড্রোক্সাইড, সোডিয়াম কার্বনেট প্রভৃতির শিল্পোৎপাদন ও তড়িৎবিশ্লেষণ পদ্ধতিতে করা হয়।
৪. তড়িৎ মুদ্রাক্ষর বা ইলেকট্রো টাইপ প্রস্তুতিতে তড়িৎবিশ্লেষণ প্রয়োগ করা হয়।
৫. এক ধাতুর ওপর অপর ধাতুর প্রলেপ দেয়ার পদ্ধতি ইলেকট্রোপ্লেটিং তড়িৎবিশ্লেষণের সাহায্যে করা হয়।

প্রশ্ন ॥ ১৭ ॥ ড্যানিয়েল কোষে বিদ্যুৎ প্রবাহের সময় জিংক দণ্ড ক্ষয়প্রাপ্ত হয় আর কপার দণ্ড বৃদ্ধিপ্রাপ্ত হয়— ব্যাখ্যা কর।

উত্তর : ড্যানিয়েল কোষে যে জিংক দণ্ড ব্যবহৃত হয় তা বিশুদ্ধ নয়। তাতে অন্যান্য ধাতুর মিশ্রণ থাকে। খাদ মিশ্রিত জিংক দণ্ড জিংক সালফেট দ্রবণে ডুবালে দ্রবণ ও খাদ মিলে ছোট ছোট স্থানীয় কোষ তৈরি হয়। এ স্থানীয় কোষগুলোতে যে তড়িৎ প্রবাহিত হয় তা মূল তড়িৎ প্রবাহের সাথে যুক্ত হয় না। জিংক দণ্ড ও কপার দণ্ড তার দিয়ে যুক্ত থাকলেও এসব স্থানীয় কোষে তড়িৎ প্রবাহ চলতে থাকে। ফলে অকারণে জিংক দণ্ড ক্ষয়প্রাপ্ত হয় এবং দ্রবণের শক্তি কমে যায়। এতে করে কোষের কার্যকারিতা ক্রমশ হ্রাস পায়।

তড়িৎ কোষে রাসায়নিক ক্রিয়া শুরু হলে CuSO₄ দ্রবণের Cu²⁺ আয়ন জিংক দণ্ড থেকে নির্গত দুটি ইলেকট্রন গ্রহণ করে কপার দণ্ডের পরিমাণ বাড়িয়ে দেয়।

সুতরাং ড্যানিয়েল কোষে বিদ্যুৎ প্রবাহের সময় জিংক দণ্ড ক্ষয়প্রাপ্ত হয় আর কপার দণ্ড বৃদ্ধিপ্রাপ্ত হয়।

প্রশ্ন ॥ ১৮ ॥ Zn/ZnSO₄|CuSO₄/Cu এ কোষটির কোষ বিক্রিয়া লেখ।

উত্তর : Zn/ZnSO₄|CuSO₄/Cu কোষটির প্রতিটি অর্ধকোষ সংঘটিত বিক্রিয়াকে অর্ধকোষ বিক্রিয়া বলে। দুটি অর্ধকোষ বিক্রিয়াকে একত্রে যোগ করলে ঐ যোগফলকে কোষ বিক্রিয়া বলে। নিচে কোষটির কোষবিক্রিয়া উল্লিখিত হলো :

অ্যানোডে বিক্রিয়া : Zn(s) → Zn²⁺(aq) + 2e⁻ (জারণ)

ক্যাথোডে বিক্রিয়া : Cu²⁺(aq) + 2e⁻ → Cu(s) (বিজারণ)

কোষ বিক্রিয়া : Zn + Cu²⁺ L Zn²⁺ + Cu (জারণ-বিজারণ)



প্রশ্ন ॥ ১৯ ॥ Zn/Zn²⁺ এবং Ag/Ag⁺ দ্বারা সেল গঠন করে সেলটির বিক্রিয়া লেখ।

উত্তর : Zn/Zn^{2+} এবং Ag/Ag^+ দ্বারা একটি সেল বা কোষ গঠিত হয়। সুতরাং, Zn/Zn^{2+} হবে একটি অর্ধকোষ এবং অপর অর্ধকোষ হবে Ag/Ag^+ ।

এক্ষেত্রে গঠিত কোষ বা সেলটি হবে : $Zn/Zn^{2+} || Ag/Ag^+$

অ্যানোডে অর্ধকোষ বিক্রিয়া : $Zn(s) \longrightarrow Zn^{2+}(aq) + 2e^-$ (জারণ)

ক্যাথোডে অর্ধকোষ বিক্রিয়া : $2Ag^+(aq) + 2e^- \longrightarrow 2Ag(s)$ (বিজারণ)

সেল বা কোষ বিক্রিয়া : $Zn(s) + 2Ag^+(aq) \longrightarrow Zn^{2+}(aq) + 2Ag(s)$

বা, $Zn(s) + 2AgCl(aq) \longrightarrow ZnCl_2(aq) + 2Ag(s)$

প্রশ্ন ২০ ৥ অবিশুদ্ধ জ্বালানি বলতে কী বুঝ ব্যাখ্যা কর।

উত্তর : যেসব জ্বালানির দহনে স্বাস্থ্য ও পরিবেশের জন্য ক্ষতিকারক পদার্থ তৈরি হয় তাকে অবিশুদ্ধ জ্বালানি বলে।

এটি অবশ্যই সালফার ও নাইট্রোজেন যুক্ত হবে। এটি পোড়ালে SO_2 ও NO_2 সৃষ্টি হয়। SO_2 থেকে সালফিউরিক এসিড তৈরি করে, যা এসিড বৃষ্টির সৃষ্টি করে। অবিশুদ্ধ জ্বালানি পরিবেশ ও স্বাস্থ্যের জন্য মারাত্মক ঝুঁকিপূর্ণ।

প্রশ্ন ২১ ৥ জীবাশ্ম জ্বালানি কীভাবে সৃষ্টি হয় ব্যাখ্যা কর।

উত্তর : উদ্দিদ সালোকসংশ্লেষণের মাধ্যমে সূর্য থেকে শক্তি তার দেহে সঞ্চয় করে। আলোকশক্তি ও বায়ুর CO_2 মিলে উদ্দিদ দেহে বিভিন্ন জৈব রাসায়নিক যৌগের সৃষ্টি হয়। উদ্দিদ থেকে প্রাণিকুল এই শক্তি গ্রহণ করে। উদ্দিদ ও প্রাণীর মৃত্যুর পর এগুলো মাটিতে মিশে যায় এবং বহু বছর ধরে বিভিন্ন প্রক্রিয়া পরিবর্তিত হয়ে পেট্রোলিয়াম কয়লা ও প্রাকৃতিক গ্যাসরূপে ভূগর্ভে মজুদ হয়। এভাবে, জীবাশ্ম জ্বালানি সৃষ্টি হয়।

প্রশ্ন ২২ ৥ ব্যাটারির বর্জ্য পরিবেশে ফেলা উচিত নয় কেন?

উত্তর : ব্যাটারিসমূহ বিভিন্ন ধাতু ও ধাতব আয়নের তৈরি। এগুলো বিষাক্ত প্রকৃতির এবং ক্ষতিকারক। ব্যবহারের পর ব্যাটারির বর্জ্য পরিবেশে ফেললে, মাটি ও পানির সাথে যুক্ত হয়। ফলে, মাটি ও পানির ধাতব পদার্থের ভারসাম্য নষ্ট হয়। এসব দূষিত মাটি ও পানিতে জন্মানো খাদ্য গ্রহণ করলে ক্যান্সারসহ নানা জটিল রোগ তৈরি হয়। সুতরাং, ব্যাটারির বর্জ্য কোনোভাবেই পরিবেশে ফেলা উচিত নয়।